

## সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৩২৪

১৩/ সাহ (كتاب السهو)

পরিচ্ছেদঃ ৭১/ বাম দিকে কিভাবে সালাম ফিরাবে?

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، - يَعْنِي الدَّرَاوَرِدِيَّ - عَنْ عَمْرِو بْنِ يَحْيَى، عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حَبَّانَ، عَنْ عَمِّهِ، وَاسِعِ بْنِ حَبَّانَ، قَالَ قُلْتُ لِابْنِ عُمَرَ أَخْبِرْنِي عَنْ صَلَاةِ، رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ كَانَتْ قَالَ فَذَكَرَ التَّكْبِيرَ قَالَ يَعْنِي وَذَكَرَ "السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ" عَنْ يَمِينِهِ، "السَّلَامُ عَلَيْكُمْ" عَنْ يَسَارِهِ."

বাংলা

১৩২৪। কুতায়বা (রহঃ) ... ওয়াসি ইবনু হাব্বান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু উমর (রাঃ)-কে বললাম, আপনি আমাকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সালাত সম্পর্কে অবহিত করুন যে, তা কিরূপ ছিল? রাবী বলেন, তিনি তাকবীরের কথা উল্লেখ করলেন। রাবী বলেন, তিনি অর্থাৎ আব্দুল্লাহ ইবনু উমর (রাঃ) এমন কিছু বাক্য উল্লেখ করলেন, যার অর্থ হল- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর এবং 'আসসালামু আলাইকুম ওয়ারহমাতুল্লাহ' বলে ডান দিকে এবং 'আসসালামু আলাইকুম' বলে বাম দিকে সালাম ফিরাতেন।

## English

It was narrated that Wasi' bin Habban said:  
"I said to Ibn 'Umar: "Tell me about the prayer of the Messenger of Allah (ﷺ); how was it?" He mentioned the takbir and he mentioned: As-salamu 'alaykum wa rahmatullah (peace be upon you and the mercy of Allah) to his right and: As-salamu 'alaykum (peace be upon you) to his left."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ওয়াসে' ইবনে হাব্বান (রহঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=20328>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন